



Website: <http://www.birbhumccb.com>

Email Id: headoffice@birbhumccb.com/birbhumccb001@gmail.com (03462) 255304 / 254615

BIRBHUM DISTRICT CENTRAL CO-OPERATIVE BANK LTD.

BANKING LICENCE No. DCBS (KOL) 01 C DTD 12/09/2016

P.O-SURI ♦ DIST-BIRBHUM ♦ (WB) ♦ PIN-731 101

স্মারক সংখ্যা: এইচ. ও./৩৫৫



তারিখ: ০২/০৯/২০২৩

বার্ষিক সাধারণ সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৯/২০২৩ তারিখ (শনিবার), সকাল ১১.০০ ঘটিকায়, সিউড়ি ডি. আর. ডি. সি. কার্যালয়ের সভাগৃহে বীরভূম ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর নবম (৯ম) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। সকল সদস্যকে উক্ত সাধারণ সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হচ্ছে। প্রকাশ থাকে যে, উক্ত তারিখে কোরামের অভাবে সভা মূলতুবি হলে আগামী ০৭/১০/২০২৩ তারিখে ওই একই সময়ে একই স্থানে সভা অনুষ্ঠিত হবে। উল্লেখ থাকে যে, পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬, এর ২৯ ধারা অনুসারে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক এই সভা আহ্বান করা হল।

আলোচ্য বিষয় সমূহ

- ১। পরিচালক মণ্ডলীর নির্বাচন (যদি প্রয়োজন হয়)।
- ২। গত বার্ষিক সাধারণ সভা, অর্ধ-বার্ষিক সাধারণ সভা ও বিশেষ সাধারণ সভা (যদি থাকে)র কার্য বিবরণী অনুমোদন।
- ৩। বোর্ড কর্তৃক প্রস্তুত বার্ষিক প্রতিবেদন বিবেচনা।
- ৪। পশ্চিমবঙ্গ সমবায় আইনের ৯৮ ধারা অনুযায়ী সর্বশেষ অডিট রিপোর্ট নিয়ে আলোচনা।
- ৫। ২০২৩-২৪ সালের বার্ষিক আয়ব্যয় অনুমোদন।
- ৬। পশ্চিমবঙ্গ সমবায় আইন ও নিয়মাবলী অনুযায়ী কোন পরিদর্শন বা তদন্ত হয়ে থাকলে তা বিবেচনা।
- ৭। পরিচালকমণ্ডলীর সদস্যবর্গ ও তাদের আত্মীয়দের কোন দেনা বা অগ্রিম লইলে তা নিয়ে আলোচনা।
- ৮। কো-অপারেটিভ সার্ভিস কমিশন কর্তৃক ব্যতীত পরিচালকমণ্ডলীর আত্মীয়বর্গের নিয়োগ হয়ে থাকলে তা অনুমোদন।
- ৯। বিশেষ সংরক্ষিত ও অন্যান্য তহবিল সৃষ্টি এবং তার বিনিয়োগ সম্পর্কে আলোচনা।
- ১০। লভ্যাংশ বণ্টন (যদি থাকে)।
- ১১। ব্যাঙ্ক পরিচালনায় ঘাটতি বা তাহার ফলে ব্যাঙ্কের যদি কোনো ক্ষতি হয়ে থাকে তবে তাহা নিরূপণের জন্য পরিকল্পনা বিবেচনা।
- ১২। দীর্ঘমেয়াদী পরিকল্পনা এবং বার্ষিক কার্যকরী পরিকল্পনার অনুমোদন।
- ১৩। ২০২৩-২৪ সালের সর্বোচ্চ কর্তব্যসীমা নির্ধারণ।
- ১৪। পরিচালক মণ্ডলীর সদস্যগণের অধিকার, দায়িত্ব ও কর্তব্য অনুমোদন।
- ১৫। উপবিধি সংশোধন (যদি প্রয়োজন হয়)।
- ১৬। সভ্যের সদস্যপদ বাতিল (যদি প্রয়োজন হয়)।
- ১৭। উপবিধি অনুযায়ী অন্যান্য আলোচ্য বিষয় বিবেচনা।
- ১৮। পশ্চিমবঙ্গ সমবায় আইন ও উপবিধি অনুসারে সভায় উপস্থাপিত বিবিধ আলোচনা।

বেনজির হোসেন

(বেনজির হোসেন)

মুখ্য কার্য নির্বাহী আধিকারিক ও এক্স-অফিসিও সেক্রেটারি
বীরভূম ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

Chief Executive Officer
&
Ex-Officio Secretary
Birbhum District Central Co-operative Bank Ltd.